

দৈনিক সংবাদ

মেধাবী ছাত্ররা রাজনীতিতে আসছে না : সুজন

মনীষা দাশ



আড্ডার মাঝে
কথা হচ্ছিল উচ্চল
তরুণ মহিউদ্দিন
আহমেদ ভূইয়া
সুজনের সাথে।
নিজস্ব প্রতিভায়
দীপ্ত এই তরুণ



ভাল এজন্য যে, অনেক উচ্চ মন-মানসিকতার ছেলেমেয়েদের সাথে মেশার সুযোগ পানি। তবে হ্যাঁ, ক্যাম্পাসে যখন রাজনৈতিকতার নামে জঘন্য পরিস্থিতির সৃষ্টি হয়, তখন খুব অস্থির লাগে। আমাদের দেশের ছাত্ররা রাজনীতি করবে এটা স্বাভাবিক। তবে ছাত্র রাজনীতি হওয়া উচিত কোন নোংরামি ছাড়া। আসলে ভাল ছাত্ররা রাজনীতিতে আসছে না। এর ফলে রাজনীতির গতি পরিবর্তিত হয়ে সন্ত্রাসে পরিণত হয়েছে।

ভালো রেজাল্ট করলে চেষ্টা করতাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে, কিন্তু এখন বোধহয় আর সম্ভব নয়। দেশের বাইরে যাওয়ার ইচ্ছে নেই। তবে ভালো কোন কোম্পানিতে কাজ করার ইচ্ছে খুব বেশি।

শ্রেম ভালোবাসার প্রসঙ্গে মহিউদ্দিন জানান, 'ক্যাম্পাসে শ্রেম হতে পারে, এটাই স্বাভাবিক। এর মধ্যে আপত্তির কিছু নেই।' কেমন বউ পছন্দ? জিজ্ঞেস করতেই মুচকি হেসে জানাল, 'স্মার্ট, শিক্ষিত।'

হলের কথা বলতে গিয়ে সুজনের বক্তব্য ছিল, 'হলে থাকি বলেই বোধহয় বাড়ির জন্য আলাদা টান অনুভব করি।'

মহিউদ্দিনের কথায় ঢাকা বিশ্ববিদ্যালয় অঙ্গনের সাংস্কৃতিক চিন্তাভাবনার সুস্থ চিত্র ফুটে ওঠে। সংস্কৃতি জগৎকে খুব ভালোবাসেন মহিউদ্দিন। তাই অবসর সময় কাটাতে চান সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগের মাধ্যমে। মহিউদ্দিনের জীবন সফলতায়, সার্থকতায় ভরে উঠুক এই প্রার্থনা রইল।

ডাকসু বাতিল সম্পর্কে মহিউদ্দিন তার প্রতিক্রিয়া জানান, খুব ভাল হয়েছে। তবে এটা আরো অনেক আগেই হওয়া উচিত ছিল। পড়াশোনার ক্ষেত্রে শিক্ষকরা যতটা আন্তরিক তার চেয়ে আরো বেশি আন্তরিক হলে ভালো হয়। সবচেয়ে বেশি সহযোগিতা পাওয়া যায় বন্ধুদের কাছ থেকে। পড়াশোনার ব্যাপারে লাইব্রেরি বিরাট ভূমিকা পালন করে। ভবিষ্যতের চিন্তা-ভাবনার কথায় মহিউদ্দিন বলল, 'আরো

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ হতে অনার্স (১৯৯১-৯২) পরীক্ষায় প্রথম শ্রেণীতে চতুর্থ হয়েছেন। কথাবার্তার মধ্য দিয়ে তার চঞ্চলতার বহির্প্রকাশ ঘটছিল। বর্তমান শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বলতে গিয়ে মহিউদ্দিন জানান, ভর্তির সিস্টেম যে পদ্ধতিতে হচ্ছে তা ভাল। কিন্তু বর্তমানে যে পদ্ধতিতে পড়াশোনা চলছে তা মোটেও উন্নত নয়। আরো অনেক বেশি উন্নতির প্রয়োজন। পড়াশোনার ব্যবস্থায় এখানে ফাঁকি দেয়া যায় অনায়াসেই। খুব অল্প পড়েও ভাল রেজাল্ট করা যাচ্ছে। এই

অবস্থার পরিবর্তন প্রয়োজন এবং আরো প্রতিযোগিতার প্রয়োজন। পরীক্ষা পদ্ধতি সম্পর্কে বলতে গিয়ে তিনি আরো জানান, ইনকোর্স সিস্টেমের পরিবর্তে সেমিস্টার সিস্টেমে পরীক্ষা হলে পড়াশোনার মান ভাল হবে।

ক্যাম্পাসের পরিবেশ সম্পর্কে বলতে গিয়ে মহিউদ্দিন জানান, পরিবেশ অনেক